

সেন্টমার্টিন দ্বীপে বিনিয়োগের ব্যাপক সুযোগ রয়েছে : সৌদি চার্জ দ্য

অ্যাফেয়ার্স



সেন্টমার্টিনে সৌদি চার্জ দ্য অ্যাফেয়ার্স শামি জামিল আল হিন্দি। তার পাশে দিগন্ত মিডিয়া করপোরেশনের ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান মীর কাসেম আলী ছবি : গোলাম আজম খান

বাংলাদেশস্থ সৌদি আরবের চার্জ দ্য অ্যাফেয়ার্স শামি জামিল আল হিন্দি সেন্টমার্টিনে ব্যাপক বিনিয়োগের সম্ভাবনার কথা বলেছেন। গতকাল শুক্রবার সেন্টমার্টিন দ্বীপ সফর করেন তিনি। বিলাসবহুল জাহাজ কেয়ারী সিন্দবাদে করে টেকনাফ থেকে সেন্টমার্টিন দ্বীপে যাতায়াত পথে নাফ নদী, টেকনাফ, দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিনের প্রাকৃতিক সৌন্দর্য দেখে তিনি অভিভূত হন। সফরসঙ্গী ও সাংবাদিকদের তিনি জানান, সেন্টমার্টিন দ্বীপে সৌদি আরব এবং অন্যান্য আরব পর্যটকের ভ্রমণ এবং এই খাতে সৌদি সরকারের বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে। তবে এ জন্য উপযুক্ত পরিবেশ দরকার। দুপুরে তিনি দ্বীপে পৌঁছে বিভিন্ন স্থান দেখার পর রহমানিয়া এতিমখানা পরিদর্শন করেন। কেন্দ্রীয় জামে মসজিদে জুমার নামাজ আদায় ও কেয়ারী মরজান হোটেলে মধ্যাহ্নভোজ করেন। দিগন্ত মিডিয়া করপোরেশন ও কেয়ারী সিন্দবাদের চেয়ারম্যান মীর কাসেম আলী, সংশ্লিষ্ট পদস্থ কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি ও সাংবাদিকরা এ সময় তার সাথে ছিলেন।